

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৮.০১.০০.৫৫২.২০১৫- ২৪৭০

তারিখ : ৮/১২/২০১৫

বিষয় : রীট পিটিশন নং-১০৮৩৫/২০১৫, বাদী জনাব মোঃ আইয়ুব আলী প্রধানিয়া, পাম্প অপারেটর, মডস জোন-১০, ঢাকা ওয়াসা, পিতা-মৃত হাকিম, গ্রাম-দুগার, থানা-কচুয়া, জেলা-চাঁদপুর-বনাম-সরকার ও অন্যান্য মামলায় প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

ঢাকা ওয়াসা'র অধীন মডস জোন-১০ এ পাম্প অপারেটর হিসাবে কর্মরত জনাব মোঃ আইয়ুব আলী প্রধানিয়াকে চাকুরী হতে বরখাস্ত করার আদেশকে চ্যালেঞ্জ করে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১০৮৩৫/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশ জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দণ্ডের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রঞ্জের কপি।

  
(পাপিয়া ঘোষ)  
সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৫০৫।

ব্যবস্থাপনা পরিচালক

ঢাকা ওয়াসা

কাওরান বাজার, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (পাস-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।